# আন-নাযি'আত | An-Nazi'at | اَلنّٰزِعٰت

আয়াতঃ ৭৯ : ১৪

## আরবি মূল আয়াত:

فَاِذَا هُم بِالسَّاهِرَةِ ﴿۱۴﴾

## অনুবাদসমূহ:

তৎক্ষনাৎ তারা ভূ-পৃষ্ঠে উপস্থিত হবে। — আল-বায়ান

সহসাই তারা খোলা ময়দানে আবির্ভূত হবে। — তাইসিরুল

ফলে তখনই মাইদানে তাদের আবির্ভাব হবে। — মুজিবুর রহমান

And suddenly they will be [alert] upon the earth's surface. — Sahih International

১৪. তখনই ময়দানে(১) তাদের আবির্ভাব হবে।

(১) আয়াতে বর্ণিত ساهرةশব্দের অর্থ সমতল ময়দান। কেয়ামতে পূনরায় যে ভূপৃষ্ঠ সৃষ্টি করা হবে, তা সমতল হবে। একেই আয়াতে ساهرةবলে ব্যক্ত করা হয়েছে। এর অর্থ জমিনের উপরিভাগও হতে পারে। [ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

১৪। ফলে তখনই ময়দানে তাদের আবির্ভাব হবে।[1]

[1] ساهرة-এর (শাব্দিক অর্থ হলঃ জাগরণভূমি) এখানে এর উদ্দেশ্য হল যমীনের উপরিভাগ; অর্থাৎ, ময়দান। যমীনের উপরিভাগকে ساهرةএই জন্য বলা হয়েছে যে, সমস্ত প্রাণীর শয়ন ও জাগরণ এই যমীনের উপরই হয়ে থাকে। আবার কেউ কেউ বলেন, যেহেতু বৃক্ষহীন ময়দান এবং মরুভূমিতে নানা ভয়ের কারণে মানুষের নিদ্রা উড়ে যায় এবং তারা জেগে থাকে, সেহেতু অনুরূপ ময়দানকে ساهرةবলা হয়। (ফতহুল ক্বাদীর) মোট কথা, এ হল কিয়ামতের দৃশ্য-বিবরণ যে, একটি ফুৎকারের ফলেই সমস্ত মানুষ একটি ময়দানে জমায়েত হয়ে যাবে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5726

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন